গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।
www.srdi.gov.bd

নং-১২.০৩.০০০০.০০২.৬৩.০০২.১৬-১৫

১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখ :------------------------------
০২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয় : "উন্নয়ন মেলা ২০১৮-তে অংশগ্রহণ প্রসংগে।**

সূত্র : ১২.০০.০০০০.০২৪.৯৯.০০১.১২.৭৭৪; তারিখ: ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের আধাসরকারি পত্র এবং কৃষি মন্ত্রণালয়ের সূত্রোস্থ স্মারকের (কপি সংযুক্ত) প্রেক্ষিতে আগামী ১১-১৩ জানুয়ারি ২০১৮ তারিখে ঢাকাসহ সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে "উন্নয়ন মেলা ২০১৮"-তে প্রদর্শনের জন্য মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর প্রদর্শনযোগ্য সামগ্রীসহ (পোষ্টার, লিফলেট, ফেস্টুন, বুকলেট, ভিডিও ক্লিপস) ইনস্টিউটের অধীন সকল আঞ্চলিক কার্যালয় ও জেলা কার্যালয়, আঞ্চলিক গবেষণাগার এবং গবেষণা কেন্দ্রসমূহকে সক্রিয় অংশগ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালকগণ জেলা পর্যায়ে অনুষ্ঠিত মেলায় কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট কার্যক্রমের সমন্বয় সাধন করবেন।

সংযুক্ত : বর্ণনামতে।

(মোঃ মকবুল হোসেন)
পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন : ৯১১৩৩৬৩
E-mail : director@srdi.gov.bd

**অবগতি ও কার্যার্থে বিতরণ:**

১। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উন্নয়ন বিভাগ/মৃত্তিকা পরীক্ষা বিভাগ, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় গবেষণাগার/প্রশিক্ষণ শাখা/মৃত্তিকা জরিপ ব্যাখ্যা শাখা/মৃত্তিকা ও ভূমি শ্রেণিবিন্যাস জরিপ শাখা/মৃত্তিকা কোরিলেশন শাখা/উপজেলা নির্দেশিকা সেল, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/খুলনা/সিলেট/বরিশাল।
৪। ইনোভেশন অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক গবেষণাগার, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/খুলনা/ময়মনসিংহ।
৬। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা কেন্দ্র, বান্দরবান/লবণাক্ততা ব্যবস্থাপনা ও গবেষণা কেন্দ্র, বটিয়াঘাটা, খুলনা।
৭। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, জেলা কার্যালয়, ময়মনসিংহ/জামালপুর/টাংগাইল/ফরিদপুর/পাবনা/বগুড়া/রংপুর/দিনাজপুর/চট্টগ্রাম/রাঙ্গামাটি/নোয়াখালী/খুলনা/যশোর/কুষ্টিয়া/পটুয়াখালী/সিলেট/ মৌলভীবাজার ।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডাটা প্রসেসিং ও পরিসংখ্যান শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
৯। উর্ধ্বতন মানচিত্রাংকনবিদ, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক গবেষণাগার, জামালপুর/ফরিদপুর/চট্টগ্রাম/সিলেট/নোয়াখালী/বগুড়া/দিনাজপুর/বরিশাল/কুষ্টিয়া/ঝিনাইদহ।
১১। নথি।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৫ অধিশাখা
(www.moa.gov.bd)

নং-১২.০০.০০০০.০২৪.৯৯.০০১.১২.৭৭৪

তারিখ: ১৮ পৌষ ১৪২৪ / ৩১ ডিসেম্বর ২০১৭

বিষয় : 'উন্নয়ন মেলা ২০১৮' সুষ্ঠু ও যথাযোগ্যভাবে আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্র এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয় কর্তৃক প্রেরিত আধাসরকারি পত্রের ছায়ালিপিসমূহ এ সাথে সংগ্রথিত করা হলো। আগামী ১১-১৩ জানুয়ারি ২০১৮ তারিখে ঢাকাসহ দেশের সকল বিভাগ, জেলা ও উপজেলাসমূহে অনুষ্ঠেয় 'উন্নয়ন মেলা ২০১৮' যথাযোগ্যভাবে আয়োজনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের আধাসরকারি পত্র ও প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্রদ্বয়ের নির্দেশনা এবং ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত দপ্তর/সংস্থার সমন্বয় সভার আলোচনা ও সিদ্ধান্তের মর্মানুযায়ী 'উন্নয়ন মেলা ২০১৮' এর যাবতীয় কার্যক্রম যথাযথভাবে আয়োজনের লক্ষ্যে জরুরি ভিত্তিতে নিম্নলিখিত কার্যক্রমসমূহ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালকগণ জেলা পর্যায়ে এবং উপজেলা কৃষি অফিসারগণ উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলায় কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট কার্যক্রমের সমন্বয় সাধন করবেন।

(খ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালকগণ ০১ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সাথে যোগাযোগ করে প্যাভিলিয়ন/স্টলের জন্য উপযুক্ত স্থান প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করবেন। একইভাবে উপজেলা পর্যায়ে অনুরূপ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

(গ) বিএডিসি'র স্থানীয় অফিসসমূহ আলাদাভাবে স্টল বা প্যাভিলিয়ন স্থাপন করতে পারে।

(ঘ) জেলা পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক এবং উপজেলা পর্যায়ে উপজেলা কৃষি অফিসার কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ অন্যান্য দপ্তর/সংস্থার স্থানীয় অফিস প্রধানগণের সাথে আগামী ০১ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে এতদ্‌বিষয়ক একটি সমন্বয় সভা অনুষ্ঠান করে সমন্বিত কর্মসূচি প্রণয়ন করবেন।

(ঙ) এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাদের নিকট যে কর্মসূচি এবং নির্দেশনা প্রদান করা হয়েছে জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সার্বক্ষণিক সংযোগ ও সমন্বয় রেখে সে সকল কর্মসূচি আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

বিষয়টি অতি জরুরী।

সংযুক্ত: বর্ণনামতে ২ পাতা।

৩১/১২/১৭

(সুব্রত ভৌমিক)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬২৬।
ই-মেইল: admn5.moa@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৫। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৭। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৮। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৯। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, জয়দেবপুর, গাজীপুর।
১১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১৩। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৪। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৫। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
১৬। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়। সিনিয়র সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

সংশোধিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

নির্বাহী সেল (বেসরকারি ইপিজেড)

পুরাতন সংসদ ভবন
ঢাকা

তারিখ: ১৪ পৌষ, ১৪২৪
২৮ ডিসেম্বর, ২০১৭

পত্র সংখ্যা: ০৩.৪৫১.০৩৮.০০০০.২৩৬.২২

**বিষয় : 'উন্নয়ন মেলা'র প্রতিপাদ্য বিষয়, পোস্টার, ব্যানার ও আলোচনা সভা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১১,১২,১৩ জানুয়ারি 'উন্নয়ন মেলা' ২০১৮ অনুষ্ঠিত হবে। উক্ত মেলা আয়োজন উপলক্ষে মেলার প্রতিপাদ্য বিষয়, পোস্টার, ব্যানার ও আলোচনার বিষয় নির্ধারণ করা হয়েছে।

(ক) প্রতিপাদ্য বিষয়ঃ এ বৎসর মেলার প্রতিপাদ্য বিষয় নিম্নরূপ।

'উন্নয়নের রোল মডেল
শেখ হাসিনার বাংলাদেশ'

(খ) পোস্টার ঃ মেলার পোস্টার কেন্দ্রীয়ভাবে মুদ্রণ ও বিতরণের দায়িত্ব তথ্য মন্ত্রণালয়কে প্রদান করা হয়েছে। প্রয়োজনে স্থানীয়ভাবেও তা মুদ্রণ করে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

(গ) ব্যানার ঃ কেন্দ্রীয়ভাবে ব্যানারের ডিজাইনের সফট কপি জেলা প্রশাসকের বরাবরে প্রেরণ করা হবে। স্থানীয়ভাবে তা প্রিন্ট করে প্রচার/ ব্যবহার করা যেতে পারে।

(ঘ) আলোচনা সভার বিষয় ঃ আলোচনাকালে নিম্নোক্ত এক বা একাধিক বিষয়ের উপর আলোচনা হতে পারে।

(১) বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন ও আজকের বাংলাদেশ।
(২) রূপকল্প ২০২১ ও ২০৪১ উন্নয়নের মহাসড়কে বঙ্গবন্ধুর বাংলাদেশ।
(৩) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি উদ্যোগ ও রূপকল্প ২০২১ এবং ২০৪১।
(৪) শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন।
(৫) ডিজিটাল বাংলাদেশ এবং উন্নয়নের অগ্রযাত্রা।
(৬) এমডিজি অর্জন ও এসডিজি অর্জনের পথে বাংলাদেশ।
(৭) বাংলাদেশে বিনিয়োগ সম্ভাবনা।

(ঙ) থিম সং ঃ প্রতিপাদ্য বিষয়ের উপর ভিত্তি করে সকল জেলা প্রশাসককে Theme Song এর সফট কপি(যদি থাকে) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩১।১২।২০১৭

(সমর কুমার ঘোষ)
পরিচালক (নির্বাহী সেল)
ফোন : ৯১৪০৪৮১
মোবাইল: ০১৭১২-৯৬৯২৯৬
ই-মেইল ঃ dir.pepz@pmo.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল) ..............................।
২. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার (সকল)।
৪. পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক (সকল)........................................জেলা।
৬. মুখ্য সচিব/মুখ্য সমন্বয়ক (এসডিজি)/সিনিয়রসচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..............................উপজেলা ........................ জেলা।

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.০০১.১২.০০২.১৭.১৮৪(৫৭)

তারিখ: ১৩ পৌষ ১৪২৪
২৭ ডিসেম্বর ২০১৭

**বিষয়ঃ উন্নয়ন মেলা-২০১৮ অনুষ্ঠানের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সচিবগণের জন্য নির্দেশনা।**

***প্রিয় সহকর্মী,***

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে সরকারের বহুমুখী তৎপরতা অব্যাহত রয়েছে। সরকারের সেই সকল উন্নয়ন তৎপরতা ও সাফল্য প্রান্তিক পর্যায়ের জনগণের কাছে তুলে ধরা প্রয়োজন, যাতে তারাও উন্নয়ন কার্যক্রমের সাথে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত হতে পারেন। সেই লক্ষ্যে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে সামনে রেখে আগামী ১১ হতে ১৩ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত ৩(তিন) দিনব্যাপী একযোগে সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলার আয়োজন করা হয়েছে।

২। উন্নয়ন মেলাকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভাগ ও জেলা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। মেলা সফল করার জন্য মাঠ পর্যায়ে যথাযথ তদারকি, সমন্বয় ও পরিবীক্ষণসহ প্রয়োজনীয় নির্দেশনা ও আর্থিক বরাদ্দ প্রদান করা আবশ্যক। আপনার মন্ত্রণালয়ের পক্ষ হতে বিভাগ ও জেলা পর্যায়ে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা ও আর্থিক বরাদ্দ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। একই সাথে সকল মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তরসমূহকে জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন ও সেবা সম্পৃক্ত তথ্য, ব্রশিউর, বুকলেট এবং সকল প্রকার প্রমাণকসমূহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

***শ্রদ্ধা ও শুভেচ্ছান্তে,***

আপনারই একান্ত,

২৭.১২.১৭

(মোহাম্মদ শফিউল আলম)

জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা